

প্রেস রিলিজ

৩০ অক্টোবর ২০২৫

জাপানে আন্তর্জাতিক অনুষ্ঠানে বাউবি উপাচার্যের অংশগ্রহণ :

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ. বি. এম. ওবায়দুল ইসলাম জাপানের হিরোশিমায় আয়োজিত আন্তর্জাতিক কর্মসূচিতে অংশগ্রহণের উদ্দেশ্যে গত ২৮ অক্টোবর (মঙ্গলবার) ঢাকা ত্যাগ করেছেন।

CEMCA-COL ও Hiroshima Public University যৌথভাবে আয়োজিত “The Journey of Digital Transformation of Education in Bangladesh Program” শীর্ষক আন্তর্জাতিক অনুষ্ঠানে অধ্যাপক ড. এ. বি. এম. ওবায়দুল ইসলাম বিশেষ অতিথি বক্তা (Special Guest Lecturer) হিসেবে অংশগ্রহণ করছেন। ২৮ অক্টোবর থেকে ১ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত এই পাঁচ (০৫) দিনব্যাপী কর্মসূচিতে তিনি বাংলাদেশের উচ্চশিক্ষা ও ডিজিটাল শিক্ষার অগ্রযাত্রা বিষয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করবেন।

উপাচার্যের সফরসঙ্গী হিসেবে বিশ্ববিদ্যালয়ের মিডিয়া বিভাগের যুগ্ম-পরিচালক জনাব সোহেল আহমেদ অংশগ্রহণ করছেন।

উপাচার্যের জাপান সফরকালীন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক বিষয়ক প্রো-উপাচার্য অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন উপাচার্যের নিয়মিত কার্যক্রম পরিচালনা করবেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)